


ডরসেটের স্কুলে আপনার সন্তানের ভর্তি সংক্রান্ত নির্দেশিকা




- সব শিশুদেরই ভর্তির স্থান হয়ে থাকে ।
- প্রত্যেক শিশুর পিতামাতাকেই একটি ফরম পূরন করতে হয় ।
- ডরসেটের প্রতিটি স্কুলে ভর্তির একটি নির্দিষ্ট সংখ্যক স্থান রয়েছে ।
- ইউ কে এর স্কুলগুলিতে একই বয়সের শিশুদের সর্বদা একই শ্রেণীতে রাখা হয় ।
- ই ইউ এর বাহিরের দেশগুলির শিশুরা কেবল মাত্র ইউ কে তে বসবাস করলেই স্কুলে ভর্তি হতে পারবে ।
- আপনার শিশু কেবলমাত্র এখানে বসবাস করলেই ভর্তির জন্য আবেদন করতে পারবেন ।
- ডরসেট লোকাল অথোরিটি (এল এ) এর ভর্তিসংক্রান্ত একটি নির্দিষ্ট নীতিমালা রয়েছে । এই নীতিমালায় স্কুলে ভর্তির স্থান বন্টনের নিয়ম ব্যাখ্যা করা হয়েছে । আপনার ফার্স্ট চোয়েস (১ম পছন্দ) এর স্কুলে স্থান পাওয়া না গেলে এডমিশন টিম অন্য স্কুলে স্থান খোজে দেখবে ।

ভর্তিসংক্রান্ত ওয়েবসাইট www.dorsetforyou.com/schooladmissions অথবা ডমিসনসু ট ডোরসেট স্কুলস্: এ পেরেন্ট গাইড বইটিতে ভর্তির নীতিমালা সংক্রান্ত বিস্তারিত তথ্য পাওয়া যাবে ।

যদি সেপ্টেম্বর থেকে আপনার সন্তানের প্রথম স্কুল শুরু হয়ে থাকে



মিডল্, সেকেন্ডারী ও আপার স্কুল সমূহে স্থানান্তর



যদি আপনি বাসস্থান স্থানান্তর করেন বা ডোরসেটে প্রথম এসে থাকেন

- দরখাস্তের ফরম পূরণ করুন
- আপনার স্থানান্তরের লিখিত প্রমাণ দেখাতে হবে

লিখিত প্রমাণের উদাহরণ:

- সম্পত্তির বিনিময় সংক্রান্ত চুক্তি নিশ্চিত করে সলিসিটরের লিখা চিঠির একটি কপি
- সম্পত্তির ভাড়া সংক্রান্ত চুক্তির একটি কপি
- সাম্প্রতিক ইউটিলিটি(উপযোগীতা) বিল এর একটি কপি, যেমন একটি টেলিফোন/গ্যাস/ইলেকট্রিসিটি বিল
- কার্ডিন্সল ট্যাক্স বিল এর একটি কপি

শিক্ষাবর্ষ চলাকালীন সময়ে স্কুলে ভর্তির আবেদন অথবা স্থানান্তরের স্বাভাবিক সময় অতিক্রমের পরে স্থানান্তরের আবেদন

- আপনাকে এডমিশনস্ অফিসের সাথে যোগাযোগ করতে হবে অথবা
- আপনি স্থানীয় স্কুলের সাথে যোগাযোগ করতে পারেন
- যদি স্কুলে কোন স্থান থাকে, তাহলে স্কুল আপনার সন্তানকে স্থান দিতে সমর্থ হবে
- যদি আপনার স্থানীয় স্কুলে কোন স্থান না থাকে তাহলে এডমিশনস্ অফিস আপনাকে একটি ফরম পূরণ করতে বলবে। তার পর তারা আপনার সন্তানের জন্য স্থান অন্য একটি স্কুলে খোজে দেখবে।

আপনার স্থানীয় স্কুল নয় এমন স্কুলে আবেদন

শিশুরা সাধারণত স্থানীয় স্কুলে যায়, তবে পিতামাতার অন্য স্কুল পছন্দ করার অধিকার রয়েছে যা তাদের স্থানীয় ক্যাচম্যান্ট স্কুল নয়। এটা পেরেন্টাল প্রিফারেন্স (পিতামাতার অভিরুচি) হিসাবে জ্ঞাত।

- দরখাস্তের ফরম পূরণ করে এডমিশনস্ অফিসে প্রেরণ করুন
- যদি কোন স্থান না থাকে তবে এডমিশনস্ টিম স্থানীয় স্কুলে অথবা আপনার বাসস্থানের নিকটবর্তী দ্বিতীয় কোন স্কুলে ভর্তির প্রস্তাব দেবে।

আপনার পছন্দের স্কুলে স্থান না পেলে আপনি কি করবেন

- আপনি যে স্কুলে স্থান চান সে স্কুলে যদি আপনার সন্তান স্থান না পায় তবে বিষয়টি পুনঃবিবেচনার জন্য আপনি আপিল করতে পারবেন কিন্তু তার পরেও হয়তো আপনাকে স্থান দেওয়া নাও যেতে পারে।

ডোরসেট লোকাল অথোরিটি স্কুল এডমিশনস্ টিম

যদি ফরম পূরণ করতে, আরো তথ্য, উপদেশ অথবা সাহায্যের প্রয়োজন হয় তাহলে স্কুল এডমিশনস্ টিম এর সাথে ফোন নং 01305 211824 অথবা ইমেইল admissions@dorsetcc.gov.uk, এ যোগাযোগ করুন। তাছাড়া আপনি আমাদের ওয়েবসাইট www.dorsetforyou.com/schooladmissions দেখতে পারেন।